

স্মারক নং-৩২.০১.৮১০০.০০০.২৫.০২০.২৪.১৬১

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর রাজশাহীর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪র্থ ব্যাচে (০১/০৪/২০২৪ খ্রি. হতে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত) ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত ট্রেডে রাজশাহী জেলার বিভিন্ন এলাকার স্থানীয় অধিবাসী ১৬ থেকে ৪৫ বছর বয়সের দুস্থ নারীকে প্রশিক্ষণার্থী হিসাবে ভর্তি করা হবে।

ক্র. নং	ট্রেডের নাম	আসন সংখ্যা	মেয়াদ	মন্তব্য
০১.	ডেস মেকিং এ্যান্ড ট্রেইলরিং	২০ জন	৩ মাস	
০২.	মোবাইল ফোন সার্ভিসিং	২০ জন	৩ মাস	
০৩.	ফুড প্রসেসিং এ্যান্ড প্রিজারভেশন	২০ জন	৩ মাস	
০৪.	সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন	২০ জন	৩ মাস	
০৫.	বক্স মেকিং এ্যান্ড প্যাকেজিং	২০ জন	৩ মাস	

যিনি অগ্রাধিকার পাবেন : ১। মহিলা পরিবার প্রধান (বিধবা, তালাক প্রাপ্তা, স্বামী পরিত্যক্তা, স্বামীর কাছ থেকে বিচ্ছিন্ন অথবা কর্মক্ষমহীন স্বামীর স্ত্রী)।
২। প্রশিক্ষণ গ্রহণে দৈহিক ও মানসিক ভাবে যোগ্য।
৩। আয়বর্ধক কাজে অংশগ্রহণ করতে ইচ্ছুক।

প্রার্থীকে ট্রেডের নাম, নিজ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, পরিবারের মাসিক আয়, বয়স, বৈবাহিক অবস্থা, সন্তান সংখ্যা, শেষ সন্তানের বয়স, শিক্ষাগত যোগ্যতা সহ উপরোক্ত তথ্যাদি উল্লেখ পূর্বক উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আগামী ০৩/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদন ফরম প্রদান ও গ্রহণ করা হবে এবং (সম্ভাব্য) আগামী ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে পর্যায়ক্রমে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

ক্র:নং	ট্রেডের নাম	সময়	মন্তব্য
০১	ডেস মেকিং এ্যান্ড ট্রেইলরিং	৯.৩০ টা হতে ১০.৩০ টা	
০২	মোবাইল ফোন সার্ভিসিং	১০.৩০ টা হতে ১১.৩০ টা	
০৩	ফুড প্রসেসিং এ্যান্ড প্রিজারভেশন	১১.৩০ টা হতে ১২.৩০ টা	
০৪	সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন	১২.৩০ টা হতে ১.৩০ টা	
০৫	বক্স মেকিং এ্যান্ড প্যাকেজিং	১.৩০ টা হতে ২.৩০ টা	

আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

০১. পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবি
০২. নাগরিকত্বের সনদ পত্র ০১ কপি
০৩. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ১ কপি
০৪. জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি ০১ কপি

শবনম শিরিন
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
রাজশাহী

ফোন: ০২৫৮৮-৮০১১৮৯
E-mail: rajshahi.dwao@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, রাজশাহী।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজশাহী।
০৪.।
০৫. নোটিশ বোর্ড।